কালের কণ্ঠ

তারিখ 23 JUL 2017
পৃঃ 2 কলাম 9

ঢাকার সাত সরকারি কলেজ

# দাবি মানতে ৭২ ঘণ্টার আলটিমেটাম শিক্ষার্থীদের

ঢাকা বিশ্ববিদ্যালয় প্রতিনিধি ▷

ঢাকা বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত রাজধানীর সাত সরকারি কলেজের চলমান সংকট নিরসন, পুলিশের হামলায় আহত শিক্ষার্থী সিদ্দিকুরের চিকিৎসার দায়িত্ব নেওয়া এবং শিক্ষার্থীদের নামে দায়ের করা মামলা প্রত্যাহার দাবিতে ৭২ ঘণ্টার আলটিমেটাম দিয়েছে শিক্ষার্থীরা। তারা বলেছে, এই সময়ের মধ্যে দাবি না মানলে আরো কঠোর কর্মসূচি ঘোষণা করা হবে।

গতকাল শনিবার বিকেলে জাতীয় প্রেস ক্লাবের সামনে আয়োজিত এক প্রতিবাদ সমাবেশ থেকে ওই আলটিমেটাম দেয় সাত কলেজের শিক্ষার্থীরা। ওই সময় তাদের চোখ ছিল কালো কাপড়ে বাঁধা। শাহবাগে গত বৃহস্পতিবারের কর্মসূচিতে পুলিশি হামলার প্রতিবাদ জানাতে এমনটি করা হয়। প্রতিবাদ সমাবেশে অধিভুক্ত সাত কলেজের শিক্ষার্থীদের পক্ষ থেকে সাতজন প্রতিনিধি বক্তব্য দেন। আলটিমেটাম ঘোষণা দেন তিতুমীর কলেজের শিক্ষার্থী রিয়াজ মাহমুদ। এর আগে সকালে ওই সাত কলেজেও বিক্ষোভ কর্মসূচি পালন করে শিক্ষার্থীরা।

রিয়াজ মাহমুদ সমাবেশে বলেন, অধিভুক্ত কলেজের শিক্ষার্থীদের যৌক্তিক সব দাবি মেনে নিতে আগামী ২৫ জুলাই পর্যন্ত কর্তৃপক্ষকে আলটিমেটাম দেওয়া হলো। এই সময়ের মধ্যে দাবি মেনে নেওয়া না হলে ২৬ জুলাই বিকেল ৪টায় জাতীয় প্রেস ক্লাবের সামনে আবার অবস্থান কর্মসূচি পালন করা হবে। ওই অবস্থান কর্মসূচি থেকে আরো কঠোর কর্মসূচির ঘোষণা দেওয়া হবে। তিনি আরো বলেন, ২৫ জুলাই পর্যন্ত তিন দিন অধিভুক্ত সাত কলেজে বিক্ষোভ কর্মসূচি পালন করা হবে। তিতুমীর কলেজের রাষ্ট্রবিজ্ঞান বিভাগের শিক্ষার্থী সিদ্দিকের চিকিৎসার দায়িত্ব নিতে তিনি সরকারের প্রতি দাবি জানান।

ঢাকা কলেজের শিক্ষার্থী শাহিন হোসেন বলেন, 'শিক্ষার্থীদের ওপর পুলিশি হামলার দুই দিন অতিবাহিত হলেও এখনো কোনো ব্যবস্থা গ্রহণ করা হয়নি। ঢাকা বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ ও কলেজ প্রশাসন আহতদের খোঁজ নেয়নি। এটা অত্যন্ত দুঃখজনক। এই হামলা শুধু শিক্ষার্থীদের ওপর নয়, পুরো শিক্ষাব্যবস্থার ওপর হামলা। এ হামলায় শুধু সিদ্দিকের চোখ অন্ধ হয়নি, অন্ধ হয়ে গেছে এ দেশের পুরো শিক্ষাব্যবস্থা।'

**নীলক্ষেতে অবরোধ** : এদিকে শিক্ষার্থীদের বিরুদ্ধে পুলিশের মামলা প্রত্যাহারের দাবিতে গতকাল সকাল ১১টার দিকে নীলক্ষেত মোড় অবরোধ করে শিক্ষার্থীরা। ঢাকা কলেজ ও ইডেন কলেজের শিক্ষার্থীদের অবরোধের কারণে প্রায় দেড় ঘণ্টা ওই সড়কে যান চলাচল বন্ধ থাকে।




শিক্ষার্থীদের বিরুদ্ধে পুলিশের মামলা প্রত্যাহার করার দাবিতে গতকাল সকালে নীলক্ষেত মোড় অবরোধ করে ঢাকা ও ইডেন কলেজের শিক্ষার্থীরা। ছবি : কালের কণ্ঠ